

🗏 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১: ৭

💵 আরবি মূল আয়াত:

وَ السَّمَآءِ ذَاتِ الحُبُكِ ﴿٧﴾

কসম সৌন্দর্যমন্ডিত আকাশের — আল-বায়ান বহু পথ বিশিষ্ট আকাশের শপথ। — তাইসিক্রল শপথ বহু পথ বিশিষ্ট আকাশের! — মুজিবুর রহমান

By the heaven containing pathways, — Sahih International

৭. শপথ বহু পথবিশিষ্ট আসমানের(১),

(১) এর্ন্নশন্টি হর্নএর বহুবচন। এর্ন্নশন্দের বেশ কয়েকটি অর্থ রয়েছে। বায়ু প্রবাহের কারণে মরুভূমির বালুকারাশি এবং বদ্ধ পানিতে যে ঢেউ সৃষ্টি হয় তাকেও এর্ন্ন বলা হয় [আদওয়াউল বায়ান]। এখানে আসমানকে এর্ন্নএর অধিকারী বলার কারণ হচ্ছে যে, অধিকাংশ সময় আসমানে নানা আকৃতির মেঘরাশি ছেয়ে থাকে এবং বাতাসের প্রভাবে বারবার তার আকৃতি পরিবর্তিত হতে থাকে এবং কখনো কোন আকৃতি না স্থায়িত্ব লাভ করে, না অন্য আকৃতির সাথে সাদৃশ্যপূর্ণ হয়। অথবা এ কারণে বলা হয়েছে যে, রাতের বেলা যখন আকাশে তারকাসমূহ ছড়িয়ে থাকে তখন মানুষ তার নানা রকম আকৃতি দেখতে পায় যার কোনটি অন্যগুলোর সাথে সাদৃশ্যপূর্ণ হয় না। অথবা, এর অর্থ কাপড় বয়নে উদ্ভূত পাড়। এটা পথসদৃশ হয় বলে পথকেও এর্ন্নবলা হয়। কোনো কোনো তাফসিরবিদ এখানে এর্ন্নএর অর্থ নিয়েছেন শোভা ও সৌন্দর্য। তখন আয়াতের অর্থ এই যে, শোভা ও সৌন্দর্যমণ্ডিত আসমানের কসম [দেখুন: কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৭) শপথ বহু পথ বিশিষ্ট আকাশের, [1]

[1] অর্থাৎ, বহু কক্ষপথ বিশিষ্ট। এর দ্বিতীয় অনুবাদঃ শপথ সুসজ্জিত ও আলোক-উজ্জ্বল আকাশের! চন্দ্র-সূর্য ও গ্রহ-নক্ষত্র, প্রদীপ্ত তারকারাজি এবং তার উচ্চতা ও বিশালতা ইত্যাদি আকাশের উজ্জ্বলতা এবং তার শোভা ও সৌন্দর্য বর্ধনের উপকরণ।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4682

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন